



## বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা

উন্নয়ন শাখা

প্রশাসন অনুবিভাগ

[www.idra.org.bd](http://www.idra.org.bd)

স্মারক নং-৫৩.০৩.০০০০.০১৭.১৭.০২.২০২৩. ৪৮৬

তারিখ: ০৭ জুলাই, ২০২৪

### প্রেস বিজ্ঞপ্তি

০৭ জুলাই, ২০২৪ তারিখে সানফ্লাওয়ার লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা ব্যয় বিষয়ে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোহাম্মদ জয়নুল বারী। সভায় বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সকল সদস্য, নির্বাহী পরিচালক, পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক এবং সানফ্লাওয়ার লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের পক্ষে কোম্পানির মুখ্য নির্বাহী কর্মকর্তা, সিএফও, কোম্পানি সেক্রেটারি ও অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সভায় সানফ্লাওয়ার লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির ব্যবস্থাপনা ব্যয়ের বর্তমান অবস্থা উপস্থাপন করেন সহকারী পরিচালক জনাব মো: আবু মাহমুদ। উপস্থাপিত প্রতিবেদন অনুযায়ী, ২০২২ ও ২০২৩ সালে যথাক্রমে ৪১.৩০% ও ১৫% অতিরিক্ত ব্যবস্থাপনা ব্যয় হয়েছে। অতিরিক্ত ব্যবস্থাপনা ব্যয়ের খাতওয়ারী চিত্র পর্যালোচনা করলে দেখা যায় যে, ব্যবস্থাপনা ব্যয়ের সর্বোচ্চ ব্যয় হয় কমিশন ও বেতন খাতে, যা মোট ব্যবস্থাপনা ব্যয়ের ৮০.৫%। এছাড়াও, কোম্পানির লাইফ ফান্ড, বিনিয়োগসহ অন্যান্য বিষয় পর্যালোচনায় দেখা যায় যে, লাইফ ফান্ডের সর্বোচ্চ ১০% তারল্যে রূপান্তর করা যাবে এবং অবশিষ্ট তহবিল মানসম্মত বিনিয়োগ নয় (bad investment)। কোম্পানির দ্বিতীয় বর্ষের নবায়ন প্রিমিয়ামের হারও অনেক কম, যা মাত্র ২% এরও কম। বীমা পলিসি গ্রহীতাগণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ এজেন্টদের কমিশন নির্ধারিত সীমায় নিয়ে আসার বিষয়ে মতামত প্রদান করেন। এছাড়া, কোম্পানির লাইফ ফান্ড যথাযথকরণ, যথাসময়ে বার্ষিক হিসাব প্রতিবেদন প্রস্তুত, তথ্যাদির নির্ভুলতা যাচাই করে কর্তৃপক্ষে দাখিল, নবায়ন প্রিমিয়াম আয় বৃদ্ধির উপর গুরুত্ব আরোপসহ এ সম্পর্কিত অন্যান্য বিষয়ে আলোকপাত করেন।

কোম্পানিতে প্রাতিষ্ঠানিক সুশাসনের মারাত্মক ঘাটতি লক্ষ্য করা যায়। কোম্পানিটি নির্ধারিত সীমার অতিরিক্ত কমিশন প্রদান করছে। এছাড়াও, বেতন ও কমিশন খাতে মোট ব্যবস্থাপনা ব্যয়ের ৮০.৫০% ব্যয় করা হচ্ছে, যার সঠিকতা সন্দেহজনক। কোম্পানিটি গত পাঁচ বছরে ৫৭ কোটি টাকা অতিরিক্ত ব্যবস্থাপনা ব্যয় করেছে, যার ফলে কোম্পানিটি বীমা দাবি পরিশোধ করতে পারছেন। এছাড়াও, কোম্পানির লাইফ ফান্ডের ৯০শতাংশই তারল্যে রূপান্তরযোগ্য নয়। কোম্পানির সার্বিক কার্যক্রম গ্রাহকদের প্রতি প্রদত্ত প্রতিশ্রুতি পূরণের জন্য যথেষ্ট নয় মর্মে সভার সভাপতি মত প্রকাশ করেন।

বিস্তারিত আলোচনা শেষে উক্ত সভার সিদ্ধান্ত: কোম্পানির গ্রেড অনুযায়ী কোম্পানির কর্মচারীদের নাম, পদবী ও বেতনের পরিমাণ সম্বলিত বিস্তারিত প্রতিবেদন প্রদান করবে; ১ম বর্ষ মোট প্রিমিয়াম ও তার উপর এজেন্ট কমিশন ও অন্যান্যদের কমিশনের পরিমাণ (পৃথকভাবে), ১ম বর্ষ কমিশনের ১০% এর পরিমাণ, ইহার জন্য কী পরিমাণ ২য় বর্ষে পরিশোধ করা হয়েছে ও তার প্রমাণক দাখিল করতে হবে; লাইফ ফান্ডের যে পরিমাণ অর্থ তারল্যে রূপান্তরযোগ্য নয়, তার পরিমাণ ও তা অবলোপন করতে হবে। তথ্যাদি প্রাপ্তির পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭.০৭.২০২৪  
মোঃ জাহাঙ্গীর আলিম  
পরিচালক (উপসচিব)

মুখপাত্র, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ

কর্তৃপক্ষ

প্রধান বার্তা সম্পাদক /বার্তা সম্পাদক /চীফ রিপোর্টার

সকল প্রিন্ট/ইলেক্ট্রনিক মিডিয়